

ভেড়া পালন লাইভস্টক ফার্মারস গ্রুপ (এলএফজি) সদস্য'র ভেড়ার জন্য সেড (ঘর) নির্মাণ নির্দেশিকা

মানিকগঞ্জ, ঢাকা, মুন্সিগঞ্জ, রাজবাড়ী, ফরিদপুর, মাদারীপুর ও শরীয়তপুর জেলার নদীবিধৌত চরাঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর হতে ভেড়া পালনকারী লাইভস্টক ফার্মারস গ্রুপ (এলএফজি) সদস্যদের ভেড়ার জন্য সেড তৈরী করে দেয়ার সংস্থান রয়েছে।

উদ্দেশ্যঃ

- স্বাস্থ্য সম্মত ও পরিবেশ বান্ধব সেডে ভেড়া পালনের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি;
- পরিবেশ বান্ধব সেডে ভেড়া পালনের মাধ্যমে রোগ-বালাই নিয়ন্ত্রণ করা;
- এ সেক্টরে নতুন নতুন উদ্যোক্তা সৃষ্টিতে উৎসাহিত করা;

নির্বাচিত খামারীর করণীয়ঃ

১. ভেড়া পালন সকল সদস্যদের জন্য পরিবেশ বান্ধব ভেড়া সেড নির্মাণ করতে হবে;
২. সেডটি অবশ্যই স্বাস্থ্যসম্মত পরিবেশ, পরিষ্কার-পরিচ্ছন্ন এবং খোলামেলা স্থানে স্থাপন করতে হবে;
৩. এলএফজি সদস্যের খামারের সকল রেকর্ড/তথ্য সংরক্ষণ করবেন;
৪. এলএফজি সদস্য বিভিন্ন প্রযুক্তি প্রদর্শনী বা মাঠ দিবসে অংশগ্রহণ করবেন;
৫. এলএফজি বহির্ভূত খামারীদেরকে খামার প্রদর্শনের ব্যবস্থা করবেন যাতে করে অন্যান্য খামারি অনুপ্রাণিত হয়;
৬. সেড নির্মাণে প্রকল্প হতে বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ প্রয়োজন হলে সদস্য নিজে ব্যয় বহন করবেন;
৭. ভেড়া সেড অন্য কোন কাজে ব্যবহার করা যাবে না;

ভেড়া পালন সুফলভোগী দল (এলএফজি) এর সদস্য'র ভেড়ার জন্য সেড (ঘর) নির্মাণ বাস্তবায়ন পদ্ধতিঃ


সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার সার্বিক তত্ত্বাবধানে এলএফজি সদস্যদের ভেড়া সেড নির্মাণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম তদারকি এবং বাস্তবায়িত হবে। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার তত্ত্বাবধানে সেড নির্মাণ কাজটি লাইভস্টক ফিল্ড ফেসিলিটিটরগণ (এলএফএফ) অবশ্যই লাইভস্টক ফার্মারস গ্রুপ (সংশ্লিষ্ট এলএফজি) সদস্যদের দ্বারা বাস্তবায়ন করবেন।

১. অনুমোদিত ভেড়া এলএফজি'র সকল সদস্য'র ভেড়ার সেড নির্মাণ কাজ তদারকি ও বাস্তবায়ন করবে;
২. অনুমোদিত সেডের নকশা অনুযায়ী গুণগতমান বজায় রেখে ভেড়া সেড নির্মাণ নিশ্চিত করতে হবে;
৩. সংশ্লিষ্ট লাইভস্টক ফিল্ড ফেসিলিটিটরগণ নির্মাণ কাজের অগ্রগতি উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে সমসময় অবহিত করবেন;
৪. সেড নির্মাণকালীন কিংবা পরবর্তীতে সেডের সার্বিক নিরাপত্তা এলএফজি সদস্য নিশ্চিত করবেন;
৫. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সকল নির্মাণ শেষে চূড়ান্ত প্রতিবেদন প্রকল্প দপ্তরে দাখিল করবেন;
৬. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার সার্বিক নির্দেশনায় সংশ্লিষ্ট লাইভস্টক ফিল্ড ফেসিলিটিটরগণ ভেড়ার সেড নির্মাণে সহায়তা প্রদান নিশ্চিত করবেন;


ভেড়ার ঘর নির্মাণের বিবরণ

- ১। সেডের আকার: মেঝের দৈর্ঘ্য ৭ ফুট X প্রস্থ ৫ ফুট ৮ ইঞ্চি X উচ্চতা ৬ ফুট। মেঝে হতে ৬ ফুট উচ্চতা পর্যন্ত কাঠের (২ ইঞ্চি X ২ ইঞ্চি) খুঁটি এবং মাঝখানের খুঁটি পরবর্তী ২ ফুট উঁচু মটকা পর্যন্ত। মাটি হতে মেঝে ৫ ফুট উচ্চতা পর্যন্ত ফাঁকা থাকবে। খুঁটিগুলির নীচ প্রান্ত মাটির নিচে এক ফুট গভীরে একটি করে ইটের উপর বসানো থাকবে। মেঝে কাঠ দিয়ে তৈরী হবে। কাঠগুলি ২ ইঞ্চি X ২ ইঞ্চি কাঠের কাঠামোর উপর বসানো থাকবে এবং মেঝের ভার বহনের জন্য মেঝের কাঠামোর মাঝ বরাবর কাঠের (২ ইঞ্চি X ২ ইঞ্চি) টানা থাকবে।
- ২। চাল: ০.২৬ মি.মি গেজ- পুরুত্ব টিনের চাল ও মটকা হবে। টিনের তাপ নিরসনের জন্য টিনের নীচে ইনসুলেটর ব্যবহার করতে হবে। টিনের চালের ফ্রেম কাঠের তৈরী হতে হবে (২ ইঞ্চি X ২ ইঞ্চি এবং ২ ইঞ্চি X ১ ইঞ্চি মাপের)।
- ৩। সেডের বেড়া/ওয়াল: মেঝে থেকে ৪ ফুট ৪ ইঞ্চি উচ্চতা পর্যন্ত কাঠ দিয়ে চার পাশ ঘেরা থাকবে এবং পরবর্তী ১ ফুট ৮ ইঞ্চি উচ্চতা কাঠের ২ ইঞ্চি X ২ ইঞ্চি উভয় পাশে ৩টি বাটাম দিয়ে ২ ইঞ্চি X ২ ইঞ্চি ফাকের ১৪ নম্বর গেজ জিআই তারের জালি দিয়ে ঘেরা থাকবে। সম্মুখভাগে ১ ফুট ৬ ইঞ্চি X ৩ ফুট আকারের কাঠের তৈরী ফ্রেমের উপর একটি দরজা এবং দরজা বন্ধ করার জন্য তালা লাগানোর ব্যবস্থা থাকবে।
- ৪। সেডের রাম্প: ভেড়া সেডে উঠার জন্য কাঠের তৈরী ১ ফুট ৬ ইঞ্চি X ৮ ফুট একটি রাম্প সংযুক্ত থাকবে।


ধ-



FRONT ELEVATION




SIDE ELEVATION




5 SHEEP HOUSE

NOTE: 2 INGS HOUSE AREA NEEDED
 IS SFT. PER SHEEP @ 3 INGS SHEEP
 PER HOUSE = 38 SFT.

10



Sheep House


 ২৫/১২/২৪
 ডাঃ মোঃ আব্দুল করিম
 প্রকল্প পরিচালক
 বানিকগঞ্জ, ঢাকা, মুন্সিগঞ্জ, গাজপুরী, ফরিদপুর,
 মাদারীপুর ও শরীয়াপুর জেলায় মদীবিধেয়
 চরাঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প
 প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।